সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া

সুনাম ও সততার

সঙ্গে

বিশেষত্ব বজায় রেখেছে

## পণ্ডিত-প্রেস

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সকল প্রকার ছাপার কাজের

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই বৈশাখ বুধবার, ১৩৭৩ ইং 27th April 1966 | ৪৮-শ সংখ্যা



সকল ঘরের তরে...

## দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. S.

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরানোর পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও পড়বে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলো, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



## খাস জনতা

কেরোসিন কুকার

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ প্রাইভেট লিঃ

সাইকেল ও সাইকেল পার্টস এর

নির্ভরযোগ্য প্রাচীন প্রতিষ্ঠান

## সুলভ ভাণ্ডার

রঘুনাথগঞ্জ চাউলপটী।

স্টুডেন্টস্ ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

১৩ই বৈশাখ বুধবার সন ১৩৭৩ সাল।

## বর্ত্তমানে গণতন্ত্র

—০—

সংবিধানানুযায়ী ভারতীয় গণতন্ত্রে প্রত্যেক নাগরিকের বাক্ স্বাধীনতা ও মতামত প্রকাশের অধিকার আছে। পৃথিবীর অন্যান্য গণতান্ত্রিক দেশে বিরোধীদলের নেতা প্রধান মন্ত্রীর সমান মর্য্যাদা লাভ করিয়া থাকেন। বহু জটিল সমস্যা সমাধানে বিরোধীদলের মতামত সাদরে গৃহীত হয়। গণতান্ত্রিক রাষ্ট্রে বিরোধীদলের সমালোচনা ও মতামত অত্যন্ত মূল্যবান ও অপরিহার্য্যরূপে পরিগণিত হইয়া থাকে। কিন্তু ভারতীয় শাসকবর্গ স্বাধীনতার পর এপর্য্যন্ত দেশের সমূহ ক্ষতি হইলেও বিরোধীদলের সমালোচনা কখনও বরদাস্ত করেন নাই, মতামত গ্রহণ করেন নাই। দৃষ্টান্তস্বরূপ বলা যায় পরলোকগত ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় যখন ভারতীয় লোকসভায় বিরোধী দলের নেতা ছিলেন তাঁহার ন্যায় ভবিষ্যৎ দ্রষ্টা জ্ঞানী ব্যক্তিদের মতামত যাহা ভবিষ্যতে বর্ণে বর্ণে সত্য হয়েছিল, তাহা সরকার গ্রহণ করেন নাই। ফলে বহু বিষয়ে ভারতের বহু ক্ষতি সাধিত হইয়াছে। অন্য দেশে ঐ প্রকার রাজনৈতিক দূরদৃষ্টিসম্পন্ন বিরোধীদের নেতা লোকসভা অলঙ্কৃত করিলে দেশ ও শাসকবর্গ গৌরব অনুভব করিতেন।

একমাত্র শ্রদ্ধেয় শাস্ত্রীজী ব্যতীত ভারতের কোন শাসকই বিরোধী পক্ষের সহিত পরামর্শ করিয়া কোন জটিল সমস্যার সমাধানে সমর্থ হন নাই। বরং সমস্যা উত্তরোত্তর বৃদ্ধি করিয়াই চলিয়াছেন কেন্দ্র ও প্রদেশের কর্ণধারগণ। শাস্ত্রীজীর সততা, দেশপ্রেম ও উদারতার জন্য অল্প সময়ের মধ্যেই তিনি দলনির্ব্বিশেষে সকলের শ্রদ্ধা ও সমর্থন পাইয়াছিলেন। সুতরাং নিশ্চিতভাবে বলা যায় যদি কোন শাসক আন্তরিকভাবে দেশের কল্যাণ সাধনে ব্রতী হন, দেশের কল্যাণজনক সমস্যা সমাধানে তাঁহার আন্তরিকতা থাকে—তিনি সকল দলেরই পূর্ণ সমর্থন ও সহযোগিতা পাইবেন। কারণ দেশকে সকল দলই ভালবাসেন এবং ভালবাসার অধিকার সকলেরই আছে। শাস্ত্রীজীর ন্যায় সৎ, উদার ও দেশপ্রেমিক দেশের শাসনভার বেশী দিন বহন করিবার সুযোগ পাইলে দেখা যাইত অচিরেই অধিকাংশ দলের বিলুপ্ত হইয়া সমস্ত ভারত একতাবদ্ধ হইত।

বর্ত্তমান ভারতে আমরা কি দেখিতেছি? শাসকবর্গ বিরোধীদলের মতামত ও সমালোচনা পদদলিত করিয়া দেশের ও জনগণের সমূহ ক্ষতি করিতেছেন। রাষ্ট্র পরিচালকবর্গের দৃষ্টি আরও স্বচ্ছ, আরও উদার না হইলে গণতন্ত্রের সমাধি অবশ্যম্ভাবী। গণতন্ত্রকে সুপ্রতিষ্ঠিত ও সঞ্জীবিত রাখিতে হইলে প্রতিটী নাগরিকের বাক্য ও মত প্রকাশের স্বাধীনতা দিলেই চলিবে না পরন্তু দেশের কল্যাণকর হইলে বিরোধীদল ও সুধীজনের মতামত গ্রহণ ও কার্য্যকরী করিতে হইবে গুরুসমস্যা সমাধানের জন্য। সরকারের এই প্রকার নীতিই দেশকে সমৃদ্ধ করিবে। পদমদে মত্ত হইয়া সমালোচকদের কণ্ঠরোধ ও মতামতকে পদদলিত করিয়া চলিলে গণতন্ত্রের সমাধিই রচনা করা হইবে। দেশও রসাতলে যাইবে।

---

## প্রচণ্ড রৌদ্রতাপে জীবনাবসান

গত ৫ই এপ্রিল দ্বিপ্রহরে রৌদ্রের প্রচণ্ড তাপে শ্রীপুণ্যব্রত দত্ত (৪৫) নামক খাগড়ার জনৈক ব্যবসায়ীর মৃত্যু হইয়াছে। প্রকাশ শ্রীদত্ত ব্যবসা-সংক্রান্ত কাজ সারিয়া সাইকেলযোগে যখন বাড়ী ফিরিতেছিল তখন পথে সূর্য্যের প্রচণ্ড তাপে মাথা ঘুরিয়া পড়িয়া অজ্ঞান হইয়া যান। হাসপাতালে লইয়া যাইবার পথেই তাঁহার মৃত্যু হয়। শ্রীদত্ত বহরমপুরের একজন খ্যাতনামা খেলোয়াড় ছিলেন।

---

## নবাগত মহকুমা শাসক

জঙ্গিপুরের মহকুমা শাসক শ্রীপার্থসারথি চৌধুরী, আই-এ-এস মহাশয় চন্দননগরে বদলী হওয়ায় শ্রীনৃসিংহপ্রসাদ বাগচী, আই-এ-এস মহাশয় জঙ্গিপুর মহকুমার কার্য্যভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত মহকুমা শাসক মহাশয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি। 'অয়মারম্ভ শুভায় ভবতু'।

---

## ষ্টেট ব্যাঙ্কে টাকা জমা দিতে গিয়া লোকের দুর্গতি

ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ার জঙ্গিপুর শাখায় বেলা ১০টা হইতে ২টা পর্য্যন্ত টাকা জমা লওয়ার নিয়ম আছে। অতিরিক্ত ভিড়ের জন্য ট্রেজারীতে চালান পাশ করাইতে বহুক্ষণ অপেক্ষা করিতে হয়। তারপর দুইটী কাউণ্টারে সারিবদ্ধ হইয়া দাঁড়াইয়া জনসাধারণকে টাকা জমা দিতে হয়। মহকুমার রেশন-ডিলারদের টাকা জমা দেওয়ার জন্য প্রতি কাউণ্টারে বেশ ভিড় হয়। বেলা ২টার পর টাকা জমা লওয়া হয় না। কাজেই সারিবদ্ধ হইয়া থাকিয়াও দূরদূরান্তের অনেক লোককে বিফল মনোরথ হইয়া ফিরিয়া যাইতে হয়। প্রচণ্ড গ্রীষ্মকালে যাতায়াত করা দুরূহ ব্যাপার। তার উপরে টাকাকড়ি লইয়া রাস্তা চলাচল করা বিপজ্জনক। অনেক ডিলার গত ২৫শে ও ২৬শে এপ্রিল উপর্য্যুপরি দুইদিন টাকা জমা দিতে না পারিয়া ফিরিয়া গিয়া ২৭শে এপ্রিল টাকা জমা দিয়াছেন। তাঁহাদের বাসস্থানের ব্যবধান ১০।১২ মাইল। দুইদিন ফিরিয়া যাওয়া কত কষ্টকর ও ব্যয়সাধ্য তাহা সহজেই অনুমেয়। লোকের এই প্রকার অসুবিধার প্রতি লক্ষ্য রাখিয়া কাউণ্টার সংখ্যা বৃদ্ধি করিবার জন্য ব্যাঙ্ক কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## অনাবৃষ্টিতে সৃষ্টিনাশ

এতদঞ্চলে গত তিন চারি মাস হইতে বৃষ্টিপাত না হওয়ায় চারিদিকে হাহাকার উঠিয়াছে। কৃষকগণ জমিতে চাষ দিয়া হতাশভাবে চাতকের মত আকাশের দিকে চাহিয়া আছে। বোরা-ধান

উপযুক্ত পরিমাণ জলের অভাবে শুকাইয়া যাইতেছে। আমের মুকুল নষ্ট হইয়া গিয়াছে। সামান্য পরিমাণ আম থাকিলেও তাহা বৃষ্টির অভাবে ঝরিয়া পড়িতেছে। ঝিঙে, পটল, উচ্ছে প্রভৃতি তরিতরকারীর গাছ প্রচণ্ড রৌদ্রতাপে শুকাইয়া যাইতেছে। বৃষ্টি না হইলে ভাদুই ধান ও পাট বোনা হইবে না। প্রখর রৌদ্রতাপে লিচু ফল বড় হইতেছে না। অনেক জমির কলাগাছ শুকাইয়া যাইতেছে। গাছে কলা ফলিতেছে না।

পুকুর-পুষ্করিণী, নদীনালা ও খালবিলের জল শুকাইয়া যাওয়ায় দেশময় হাহাকার উঠিয়াছে।

## বসন্ত রোগ

মাস খানেক হইতে রঘুনাথগঞ্জ ও বালিঘাটায় এবং পল্লী অঞ্চলের বিভিন্ন স্থানে বসন্ত রোগে ভুগিয়া অনেকগুলি শিশুর অকালে মৃত্যু ঘটিয়াছে। এখনও অনেকে এই যন্ত্রণাদায়ক ব্যাধিতে ভুগিতেছে। জলাভাবের জন্য যে কোন জলাশয়ে এই সব রোগীর কাপড়-চোপড় কাচিতেছে বলিয়া এই রোগের ক্রমশঃ বিস্তার লাভ করিতেছে।

## আকস্মিক মৃত্যু

জঙ্গিপুর মুন্সেফী আদালতের প্রসেস-সার্ভার বিজয় দত্ত কিছুদিন পূর্ব্বে কান্দীতে বদলী হইয়া যায়। বিগত কয়েক মাস হইতে তাহার স্বাস্থ্য ভাল যাইতেছিল না। গত ১৮ই এপ্রিল কান্দীতে ছুটির দরখাস্ত করিয়া রঘুনাথগঞ্জ ফিরিবার পথে খাগড়াঘাট রেলষ্টেশনে হঠাৎ তাহার মৃত্যু হয়। তাহার দ্বাদশ বর্ষীয় পুত্রটী সঙ্গে ছিল। খাগড়াঘাটের ষ্টেশন মাষ্টার রঘুনাথগঞ্জ পোষ্ট অফিসে ফোন করেন। বিজয় দত্তের অকাল মৃত্যুতে তাহার স্ত্রী-পুত্র-কন্যারা অসহায় অবস্থায় পতিত হইল। তাহার বড় পুত্রটী সামান্য বেতনে মিলিটারীতে চাকুরী করে। আমরা শোকসন্তপ্ত পরিজনবর্গের শোক সমবেদনা প্রকাশ করিয়া পরলোকগত আত্মার চির শান্তি কামনা করিতেছি।

## বিড়ির কৌলিন্য

বিড়িতে ক্যানসার উৎপাদক পদার্থ আছে কিনা রাসায়নিক পরীক্ষায় তা বিশ্লেষণের জন্য ভারতীয় বিড়ির নমুনা মার্কিন যুক্তরাষ্ট্রে পাঠানো হ'য়েছে বলে জানা গিয়েছে।

রাসায়নিক বিশ্লেষণের রিপোর্ট পাবার পর ষ্টেট ট্রেডিং কর্পোরেশন উঁচু দরের বিড়ি কিনে তা মার্কিন যুক্তরাষ্ট্র ও অন্যান্য দেশে, রপ্তানির বিষয় বিবেচনা করবেন।

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

৯/৬৫ মেট্রি

বাদী—অজেফা খাতুন স্বামী আলাউদ্দিন সেখ হাল সাং বৈকুণ্ঠপুর থানা রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ

প্রতিবাদী—আলাউদ্দিন সেখ পিতা গাজু সেখ সাং মুকুন্দপুর ডিঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ

দাবি ৪৯৲ টাকা বাবত তালাক প্রাপণ

এতদ্দ্বারা সর্ব্বসাধারণের অবগতিতে অত্র বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে উক্ত বাদিনী উক্ত বিবাদীর নামে চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালতে বিবাহ বন্ধন বিচ্ছেদ জন্য উপরোক্ত মোকদ্দমা আনয়ন করিয়াছেন। উপরোক্ত মোকদ্দমার দিন আগামী ১২/৫/৬৬ তারিখে ধার্য্য আছে। ঐ মোকদ্দমায় বাদিনীর ডিক্রী পাওয়ার সাপক্ষে উক্ত বিবাদী বা কাহারও কোন প্রকার আপত্তি থাকিলে উপরোক্ত দিবসে উক্ত আদালতে স্বয়ং বা জনৈক উকিল দ্বারা হাজির হইয়া দর্শাইবেন। অন্যথায় উক্ত দিবস অন্তে আইন নির্দ্ধারিত মতে নিষ্পত্তি হইবে।

By Order of the Court
B. B. Ghosh
Sharistadar, Munsif's
1st. Court, Jangipur.

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ পোঃ বহরমপুর বিজ্ঞাপিত করিতেছেন যে নিম্নলিখিত বাসরুটগুলিতে একটি করিয়া যাত্রীবাহী গাড়ীর (প্রত্যহ উভয় দিকে এক ট্রিপ) পারমিট প্রদানের জন্য দরখাস্ত আহ্বান করা হইতেছে:—

(১) বহরমপুর—বৈষ্ণবপাড়া ঘাট; (২) বহরমপুর—পিরোজপুর ঘাট। দরখাস্তসমূহ নির্দ্ধারিত ফরমে (মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার অফিসে স্থানীয় ষ্টেট ব্যাঙ্ক অব ইণ্ডিয়ায় দরখাস্ত ফি বাবদ পাঁচ টাকা জমা দেওয়ার চালান উপস্থাপিত করিলে পাওয়া যাইবে) হওয়া চাই। উক্ত চালান এবং ঘোষণা পত্র (নির্দ্ধারিত ফরম উপরোক্ত অফিসে পাওয়া যাইবে) সহ দরখাস্তসমূহ উক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ২৮শে মে পর্য্যন্ত গৃহীত হইবে।

## সরকারী বিজ্ঞপ্তি

সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ পোঃ বহরমপুর বিজ্ঞাপিত করিতেছেন যে মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকার ২৫-২-৬৬ তারিখের সভায় বকসিপুর ঘাট—দমকল রুটে, রুটের স্থায়ী অপারেটর জিয়াগঞ্জের শ্রীআবদুল হামিদ খানের অনুকূলে বহরমপুর পর্য্যন্ত যাত্রীবাহী গাড়ীর পারমিট সম্প্রসারণ মঞ্জুর করা স্থির করিয়াছেন। ১৯৩৯ সালের মোটর যান আইনের ৫৭ ধারা অনুযায়ী এই ব্যাপারে আর্জিসমূহ উক্ত সচিব কর্ত্তৃক ১৯৬৬ সালের ২৬শে মে পর্য্যন্ত গৃহীত হইবে। আঞ্চলিক পরিবহন প্রাধিকার কর্ত্তৃক আর্জিসমূহ (যদি পাওয়া যায়) বিবেচনার তারিখ, সময় ও স্থান যথাসময়ে জানানো হইবে।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ২৩শে মে, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

১০ মনি ডিঃ শৈলবালা দাসী দিং দেং জলল মাল দাবি ২৬-৩৭ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাহেবনগর ৪৩ শতক জমি নিলাম হইবে খং ২৫



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## সারিবাদ্যাসব

এর প্রতি ফোঁটাই আপনার রক্তের বিশুদ্ধতা আনবে এবং দেহে নূতন শক্তি ও উৎসাহের সঞ্চার করবে।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্ল্যাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলিঃ

সেলস অফিস ও গোডাউন
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩০০

---

## দাস ঘর

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২·২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ·০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)